



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।

বর্ষবরণ ও ১লা বৈশাখ ১৪৩১ উদ্যাপন সংক্রান্ত

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্ষবরণ ও ১লা বৈশাখ ১৪৩১ উদ্যাপনের জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করা হয়েছে :

১লা বৈশাখ ১৪৩১ :

- | | |
|--|---|
| ১. সকাল ৮-১৫ টা থেকে
সকাল ৯-১৫ টা পর্যন্ত | উপাচার্য ভবনে উপাচার্য মহোদয়ের সাথে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের নববর্ষের শুভেচ্ছা বিনিময়। |
| ২. সকাল ৯-৪৫ টা | প্রশাসনের উদ্যোগে বিভিন্ন অনুষদ, বিভাগ, অফিস, হল, জাবি স্কুল ও কলেজ-এর শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, ছাত্র-ছাত্রী এবং মহিলা ক্লাব ও ক্যাম্পাসবাসীর অংশগ্রহণে বিজনেস স্টাডিজ অনুষদ ভবন থেকে মঙ্গল শোভাযাত্রা শুরু হয়ে নতুন প্রশাসনিক ভবনে গিয়ে শেষ হবে। |

১লা বৈশাখ ১৪৩১ উপলক্ষ্যে সাধারণ বিষয়াদি ও নির্দেশনা :

- * এ বছর নববর্ষের প্রতিপাদ্য : 'নব আনন্দে জাগো আজি নবরাবিকিরণে' ব্যানারে লিখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। মঙ্গল শোভাযাত্রায় একটি মাত্র ব্যানার থাকবে। তবে কুলা, ডালা ইত্যাদিতে প্রতিপাদ্য লিখে শোভাযাত্রায় অংশগ্রহণ করা যাবে।
- * বিভিন্ন প্রকার ফেস্টুন, প্ল্যাকার্ড, মুখোশ হাতে নিয়ে ১লা বৈশাখের মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণ করা যাবে। তবে মুখোশ পরে মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণ করা যাবে না।
- * ১লা বৈশাখে কোনো রং ছিটানো যাবে না। কেউ রং ছিটালে তার বিরুদ্ধে শান্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।
- * বিশ্ববিদ্যালয়ের কর্মসূচির সাথে সমন্বয় করে বিভিন্ন অনুষদ, বিভাগ, হল ও অফিস নিজ নিজ উদ্যোগে ১লা বৈশাখ উদ্যাপনের কর্মসূচি পালন করবে।
- * ঢাকা শহরে অবস্থানরত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের ক্যাম্পাসে আসা যাওয়ার জন্য যানবাহনের ব্যবস্থা করা হবে। বাস প্রচলিত রুটে ছেড়ে আসবে।
- * প্রক্টর অফিস এবং নিরাপত্তা শাখা উপরোক্ত কর্মসূচিসমূহের সার্বিক নিরাপত্তা ও শৃঙ্খলার দায়িত্ব পালন করবে।

উপরোক্ত কর্মসূচিসমূহে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থীদের এবং ক্যাম্পাসবাসীকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর/-মো. আবু হাসান
রেজিস্ট্রার